

এম. এ. (চতুর্থ সেমেস্টার) দূরশিক্ষা পাঠ্যক্রম পরীক্ষা, ২০২০ (through Online)
বিষয়ঃ বাংলা

পত্রঃ BNGL-1003C (Essays, Auto-Biography & Travel Literature)

পূর্ণমানঃ ৭০

সময়ঃ ৩ ঘণ্টা

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

২X৫=১০

- ক) ‘রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ’ গ্রন্থটির প্রথম সংস্করণ কবে প্রকাশিত হয়েছিল ? রামতনুর পিতার নাম কী ছিল ?
- খ) কাজি আব্দুল ওদুদ বাঙলার মুসলমানদের অনগ্রসরতার জন্য কী কী কারণ নির্দেশ করেছেন ?
- গ) হিন্দু-এর পরিচয় দিন ।
- ঘ) ‘মরুতীর্থ হিংলাজ’ উপন্যাসে উর্বশী কে ? কে তার এই নামকরণ করেছিলেন ?
- ঙ) ‘মরুতীর্থ হিংলাজ’ উপন্যাসের লেখকের যাত্রা কোন আখড়া থেকে শুরু হয়েছিল ? প্রসঙ্গত এই আখড়াটির ইতিহাস সম্পর্কে লেখক কী বলেছেন ?

২নং থেকে ৯ নং প্রশ্নের মধ্যে যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন :

৫X১২=৬০

- ২। “রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ” গ্রন্থের দ্বিতীয় পরিচ্ছেদে রামতনুর বাল্যজীবন, বিদ্যাচর্চা ও সামাজিক পরিস্থিতির যে বর্ণনা রয়েছে, তা লিপিবদ্ধ করুন । ১২
- ৩। “রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ” গ্রন্থটির তৃতীয় পরিচ্ছেদে বিলাস - মত্ত বাবুসমাজের কর্মপ্রক্রিয়ার সমান্তরালে একদিকে ডেভিড হেয়ারের শিক্ষা আন্দোলন অন্যদিকে রামমোহন রায়ের সমাজ সংস্কার মূলক আন্দোলনের যে সূচনা ঘটেছিল, তার স্বরূপ ব্যক্ত করুন । ১২
- ৪। “স্বদেশী অভ্যুত্থানের প্রাথমিক পর্বে রবীন্দ্রনাথ প্রাচ্যাভিমানের যে তীব্র আকর্ষণ অনুভব করেছিলেন” সুশোভন সরকারের “রবীন্দ্রনাথ ও বাংলার নব জাগরণ” প্রবন্ধটি অবলম্বনে তা আলোচনা করুন । ১২
- ৫। সতীদাহ প্রথা ও বিধবা বিবাহকে কেন্দ্র করে বাঙলার সমাজ আলোড়নের চিত্রটি অধ্যাপক আনিসুজ্জামান-এর প্রবন্ধ অবলম্বনে আলোচনা করুন । ১২
- ৬। “প্রথম বিশ্বযুদ্ধোত্তর জার্মানির আর্থ-সামাজিক, রাজনৈতিক জীবনের পট পরিবর্তনে নাৎসিবাদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল । এর প্রভাব লক্ষ্য করা যায় ‘চাচাকাহিনী’ গল্পে ।” প্রাসঙ্গিক গল্প অবলম্বনে মন্তব্যটি বিশদ আলোচনা করুন । ১২
- ৭। “আড্ডা সাহিত্য” কাকে বলে ? “চাচাকাহিনী” কে আড্ডা সাহিত্য বলা যায় কী ? আপনার মতের সপক্ষে যুক্তি দিন । ১২
- ৮। “মরুতীর্থ হিংলাজ’ উপন্যাসে হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক সম্প্রীতির কোন নিদর্শন পাওয়া যায় ? উদাহরণসহ বুঝিয়ে দিন । ১২
- ৯। “লেখক অবধূত প্রায়ই তাঁর সৃষ্টিতে বীভৎস দৃশ্যের অবতারণা করেন ।” ‘মরুতীর্থ হিংলাজ’ উপন্যাসটি অবলম্বনে এই মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করুন । ১২

Instructions:

- প্রার্থীদের তাদের Answer Script গুলি পরিক্ষার করে Scan করে PDF File (PDF File Name Examination Guideline এর 7 No.Point এর অনুসারে) পরিক্ষার সমাপ্তির পরে ০১(এক) ঘণ্টার মধ্যে যার যার Email ID গুলিতে অবশ্যই জমা দিতে হবে ।
- যদি কোন পরিক্ষার্থী ঐ নির্ধারিত ০১ (এক) ঘণ্টার মধ্যে Anser Script না পাঠায় তখন সে কোন রকম Receive Mail Reply ও পাবেনা এবং তাকে ঐ পরিক্ষায় Absent বলে ধরা হবে এবং পরে Answer Script এর Hard Copy ও রাখা হবে না ।
- Email করার সময় পরিক্ষার্থীকে অবশ্যই নিজের নামের Email ID ব্যবহার করতে হবে (না থাকলে নতুন Email ID Create করে নিন) এবং প্রত্যেক বার পরিক্ষা শেষে Email পাঠানোর সময় Email এর Subject এ নিজের নাম, রোল নম্বর, সাবজেক্ট, পেপার কোড এগুলি লিখে পাঠাবেন ।
- পরিক্ষা শেষে প্রত্যেক পরিক্ষার Answer Script এর PDF একবার ই Mail করবেন । না হলে কোন Email ই গ্রাহ্য করা হবেনা এবং পরিক্ষার্থী Absent হবে (এক্ষেত্রে Email করার পর সঙ্গে সঙ্গে Sent Mail এ গিয়ে Confirm করে নেবেন যে আপনার Mail সঠিক ভাবে Sent হল কিনা ।
- পরিক্ষা শেষ হবে 01.00 PM, তারপর সবাই উপরিউক্ত নির্দেশ অনুযায়ী 02.00 PM এর আগে Answer Script গুলি PDF করে একবার Mail করবেন এবং Receive Mail এর জন্য অপেক্ষা করবেন । Receive Mail যার যার Email Inbox এ চলে আসবে । যদি কোন প্রার্থী একাধিক বার Anser Script Mail এবং নির্ধারিত সময় 02.00 PM এর পর Mail পাঠায় সেক্ষেত্রে তাদের Email এর কোন প্রকার Receive দেওয়া হবে না ।